

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয় সাভার, ঢাকা
doict.savar.dhaka.gov.bd

মার্চ/২০২৬ মাসে অনুষ্ঠিত উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ সাইফুল ইসলাম,
উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।

স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,
সাভার, ঢাকা।

তারিখ ও সময়ঃ ১০/০৩/২০২৬ খ্রিষ্টাব্দ & বেলা ১২.৩০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য


সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় তথ্য ও প্রযুক্তি নির্ভর জ্ঞান ভিত্তিক সমাজ গড়ার প্রত্যয় ব্যক্ত করেন এবং সকল ক্ষেত্রে আইসিটির বিস্তার ও উন্নয়ন সাধনের মাধ্যমে প্রযুক্তি নির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্য সকলের সহযোগিতা করার আহ্বান জানান। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	আইসিটিডি কম্পিউটার ল্যাব	কম্পিউটার ল্যাব ব্যবহারের গাইডলাইন ও নীতিমালা অনুসারে অত্র উপজেলার ১টি স্কুল অব ফিউচার ও ২৯টি আইসিটিডি ডিজিটাল ল্যাবসমূহ সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ, সুষ্ঠু পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও অপব্যবহার রোধকরণের আহ্বান জানানো হয়।	নিয়মিত পরিদর্শনকালে ল্যাব পরিচালনা নীতিমালা ও গাইডলাইন যথাযথ পালন এবং উক্ত ল্যাবগুলোর সর্বোত্তম ব্যবহারের লক্ষ্যে প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র-ছাত্রীদের পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান ও ল্যাব কার্যক্রম পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা ২। উপজেলা আইসিটি অফিসার, সাভার, ঢাকা ৩। কমিটির সকল সদস্যবৃন্দ, সাভার
০২	উপজেলায় স্থাপিত নেটওয়ার্ক সচল ও নিরবচ্ছিন্ন রাখা	আইসিটি নির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যে সাভার উপজেলায় স্থাপিত ইনফো-সরকার-২ প্রকল্পের নেটওয়ার্ক সচল ও নিরবচ্ছিন্ন রাখার আহ্বান জানানো হয়।	উপজেলায় স্থাপিত নেটওয়ার্ক সচল ও নিরবচ্ছিন্ন রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা আইসিটি অফিসার, সাভার, ঢাকা
০৩	ডি-নথি বাস্তবায়ন	আইসিটি নির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যে সাভার উপজেলায় ডি-নথি বাস্তবায়ন ও কার্যক্রম সচল রাখার আহ্বান জানানো হয়।	ডি-নথির অন্তর্ভুক্ত সকল দপ্তর সমূহের কার্যক্রম ডি-নথি ব্যবহার করে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল দপ্তর প্রধানগণ সাভার, ঢাকা
০৪	উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র	ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের আওতায় অত্র উপজেলা পরিষদ ভবনের পাঁচ-তলায় “উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র”- নির্মাণের কার্যক্রম ৯৫% সম্পূর্ণ হয়েছে।	অবশিষ্ট কার্য সম্পাদনের জন্য ঠিকাদার প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী
০৫	প্রান্তিক পর্যায়ে ব্রডব্যান্ড ইন্টারনেট	ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের আওতায় “End User Connectivity” বাস্তবায়নের জন্য	সকল প্রতিষ্ঠানের ইন্টারনেট সংযোগ সচল ও নিরবচ্ছিন্ন রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান

১২

	সংযোগ	অত্র উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আবেদনের ভিত্তিতে ইন্টারনেট সংযোগ প্রদান করার জন্য ISP Optimax Communication Limited কে দায়িত্ব প্রদান করা হয়।		
০৬	প্রশিক্ষণ/সেমিনার আয়োজন	দপ্তর প্রধানগণ দাপ্তরিক কাজের প্রয়োজনে পোর্টাল , ডি-নথি এবং NCSA এর অধীনে শিক্ষার্থীদের Cyber Security Essentials কোর্স এ প্রশিক্ষণ প্রদানের জন্য সভাপতি মহোদয়কে অবহিত করা হয়।	সাভার ইসলামিয়া কামিল মাদ্রাসার শিক্ষার্থীদের Cyber Security Essentials কোর্স এ প্রশিক্ষণ প্রদানের জন্য pre-assessment এর সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা আইসিটি অফিসার
০৭	অন্যান্য	ক. সরকারি ই-মেইল খোলা এবং ব্যবহার নিশ্চিত করতে আহ্বান জানানো হয়।	সরকারি ই-মেইল তৈরি করতে হবে এবং এর ব্যবহার নিশ্চিত করতে হবে।	সকল দপ্তর প্রধানগণ, সাভার, ঢাকা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ সাইফুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
সাভার, ঢাকা।


স্মারক নং- ৫৬.০৪.২৬৭২.০০০.০০১.০৬.০০০১.২৫.

তারিখ

২৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ঢাকা।
- ৩। জেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।



ফাতেমা-তুজ-জান্নাত
উপজেলা আইসিটি অফিসার

ও

সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
সাভার, ঢাকা।